


সচেতনতার সাথে
ডিজিটাল ডিভাইস ব্যবহার
করার প্রয়োজনীয় কৌশল




Digital
Literacy
Center






শাওন
জানিস কী
হয়েছে?

কী হয়েছে ভাইয়া?



রাত্রে কম্পিউটার
চালু রেখে ঘুমালাম।
সকালে দেখি অফ
হয়ে আছে।

কোনোভাবেই অন হচ্ছিলো না। তারপর সার্ভিসিং
সেন্টারে নিয়ে দেখানোর পর বললো, ইউপিএস
ব্যবহার না করার কারণে ঘনঘন লোডশেডিংয়ে
মাদারবোর্ডের সার্কিট পুড়ে গিয়েছে।



হ্যাঁ ভাইয়া, শুধু কম্পিউটার না অনেক সময়
অসতর্কতার কারণে আমাদের ব্যবহৃত ডিজিটাল
ডিভাইসগুলো এরকম বিভিন্ন ক্ষতির সম্মুখীন হয়।

কিন্তু একটু সতর্ক থাকলেই এই সমস্যা
থেকে রেহাই পাওয়া সম্ভব।

তাই
কীভাবে
বলতো?

শোনো, অপ্রয়োজনে ডিজিটাল ডিভাইস
চালু করে রাখবে না। এতে ডিভাইস নষ্ট
হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে।

মনে রাখবে কম্পিউটারের সাথে ইউপিএস
ব্যবহার করা অথবা নিরবচ্ছিন্ন বিদ্যুৎপ্রবাহ
নিশ্চিত করা যেকোনো ডিজিটাল
ডিভাইসের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

হঠাৎ বন্ধ হয়ে যাওয়ায় কম্পিউটারের
যন্ত্রাংশেরও বেশ ক্ষতি হয়।

তাছাড়া বিরতি নেয়ার সময় ডিজিটাল
ডিভাইস লক করে রাখা ভালো।

তা না হলে এই সময়ে অন্য কেউ এসে তোমার ডিভাইস
থেকে গুরুত্বপূর্ণ তথ্য চুরি করে নিয়ে যেতে পারে অথবা
কোনো তথ্য পরিবর্তন করে দিতে পারে।

ভালো
বলছিস তো।
তারপর?

তারপর ডিজিটাল ডিভাইসে আপডেটেড
অ্যান্টি-ভাইরাস ব্যবহার করা উচিত।

এক্ষেত্রে খেয়াল রাখতে হবে যে
অ্যান্টি-ভাইরাস ব্যবহার করা হচ্ছে সেটি
সুপরিচিত কোনো কোম্পানির তৈরি কিনা।

আবার স্টোরেজ ডিভাইসসমূহ ভাইরাস স্ক্যান
করে রাখা হলে তোমার এসব ডিভাইসে সংরক্ষিত
ফাইল ভাইরাস দ্বারা আক্রান্ত হবে না।

বর্তমান সময়ের কয়েকটি উল্লেখযোগ্য
স্টোরেজ ডিভাইস হচ্ছে - পেন ড্রাইভ,
হার্ড ডিস্ক, এসএসডি ইত্যাদি।

গুরুত্বপূর্ণ ডকুমেন্ট/ফাইলের ব্যাক আপ
রাখা খুবই দরকারী একটি ব্যাপার।

গুরুত্বপূর্ণ ফাইলগুলো কপি করে ভিন্ন
কোনো স্টোরেজ ডিভাইসে সেভ করে
রাখলে ভালো হয়।

ঠিক আছে।
তারপর?

তারপর নিরাপত্তার বিষয়ে নিশ্চিত না হয়ে কোনো
অপরিচিত ও ফ্রি সফটওয়্যার ডাউনলোড ও
ইনস্টল না করার ব্যাপারে সতর্ক থাকতে হবে।

তারপর সন্দেহজনক লিংকে প্রবেশ করা
থেকে বিরত থাকতে হবে।

ইমেইল/ম্যাসেজের মাধ্যমে কোনো লিংকে প্রবেশের
জন্য ইনভাইটেশন আসলে আগে ভালো মত যাচাই
করে নিতে হবে যে সেটি কোথা থেকে এসেছে।

তারপর যেকোনো প্রকারের ডিজিটাল
ডিভাইস সবসময় পরিষ্কার রাখতে হবে।
বিশেষ করে কম্পিউটার ব্যবহারের
জায়গাটি পরিচ্ছন্ন থাকা আবশ্যিক।

সে তো সবসময়ই
যত্ন রাখি।

খুব ভালো। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয়
হলো অপরিচিত ব্যক্তিকে নিজের
ডিভাইস ব্যবহার করতে না দেয়া।

যদি খুবই জরুরী কোনো দরকারে
ব্যবহার করতে দিতেই হয়, তাহলে
অবশ্যই প্রথমে ঐ ব্যক্তির পরিচয় ও
প্রয়োজন যাচাই করে নিবে।

কখনো চোখের আড়ালে অপরিচিত বা স্বল্প
পরিচিত ব্যক্তিকে ফোন, কম্পিউটার বা অন্য
কোনো ডিভাইস ব্যবহার করতে দিবে না।

ঠিক বলেছিস।
তোকে অনেক
ধন্যবাদ।